অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/10/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর HOCHUL (হোকল) LONG ISLAND RAIL ROAD-এর এখন পর্যন্ত সবথেকে সফল বছর উদযাপন করলেন

2024 সালে LIRR-এর 95.65 শতাংশ ট্রেন সময়মতো আসার পারফর্ম্যান্স হলো রেলরোডটির ইতিহাসের সেরা

2023 সাল থেকে LIRR রাইডারশিপ প্রায় 16 শতাংশ বেড়েছে

সার্ভিসের আরো প্রায় 14,000 ট্রেন দিয়ে পারফর্ম্যান্সের রেকর্ড অর্জন করা হয়েছে

LIRR-এর কাস্টোমার সন্তুষ্টির রেটিং বেড়ে গিয়েছে

LIRR বলেছে যে রেকর্ড ভাঙ্গা এই বছরের জন্য পুরো এজেন্সির নির্ভরযোগ্যতা, শিডিউলের রিভিশন এবং ইনফ্রাস্ট্রাকচার সাম্প্রতিক বিনিয়োগ ক্যাটালিস্ট হিসেবে কাজ করেছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে 2024 সালটি ছিলো Long Island Rail Road (LIRR)-এর প্রায় 200 বছরের ইতিহাসে তাদের সবথেকে সফল বছর। রেলরোডটির সময়মতো ট্রেন আসার পারফর্ম্যান্সের রেকর্ড ছিলো 95.65 শতাংশ, যা কোভিড-19 মহামারী চলার সময় 2020-22 সাল বাদ দিয়ে এর ইতিহাসের সেরা। এছাড়াও প্রথমবারের মতো পুরো 2024 সালের প্রতিটি মাসে LIRR তাদের 94 শতাংশ সময়মতো ট্রেন আসার পারফর্ম্যান্স করার লক্ষ্য পার করতে পেরেছে, এবং নভেম্বর মাসে সর্বকালের সেরা 96.2 শতাংশ সময়মতো ট্রেন আসার পারফর্ম্যান্স দিয়ে জোরের সাথে বছরটি শেষ করেছে। পাশাপাশি, 12টি LIRR ব্রাঞ্চের প্রতিটি 94 শতাংশ সময়মতো ট্রেন আসার পারফর্ম্যান্স অর্জন করার লক্ষ্য পার করেছে এবং ডিসেম্বর মাসে 95 শতাংশ ট্রেন সময়মতো চলেছে।

"যেকোনো জায়গায় যাওয়ার সময় দ্রুত এবং নির্ভরযোগ্য ট্রেন সার্ভিস নিউ ইয়র্কবাসীদের প্রাপ্য, এবং 2024 সালে LIRR আমাদের কমিউটারদের জন্য এখন পর্যন্ত তাদের সেরা বছরটি দিয়েছে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "নিউ ইয়র্ককে (New York) সচল রাখার জন্য এবং এইসব পারফর্ম্যান্সকে আরো ভালো করার জন্য আমি অঙ্গীকারবদ্ধ, এবং আমরা এমন প্রোজেক্টে কাজ করতে চাই যা আমাদের রেলরোডগুলিকে আধুনিক করবে, যাতায়াতের সময় কম করবে এবং যাত্রীদের জন্য ট্রেন সার্ভিস বাড়িয়ে দিবে।"

MTA-এর চেয়ার এবং CEO Janno Lieber (জ্যানো লিবার) বলেন, "লং আইল্যান্ড (Long Island), এবং সম্পূর্ণ নিউ ইয়র্ক অঞ্চলকে আরো সাশ্রয়ী করতে ট্রানজিট আমাদেরকে সাহায্য করছে। 2024 সালে আমরা যে 687,000টি মাসিক টিকেট বিক্রি করেছি তার জন্য আসলে 2019 সালের তুলনায় কম খরচ হয়েছে।"

2024 সালের শরৎ মৌসুমে দ্বিবার্ষিক যে কাস্টোমার স্যাটিসফ্যাকশন সার্ভে (Customer Satisfaction Survey) করা হয়েছে তাতে LIRR গ্রাহক সন্তুষ্টি উল্লেখযোগ্যভাবে বাড়তে দেখেছে। মোট সন্তুষ্টি 76 শতাংশে পৌঁছেছে, যা 2024 সালের বসন্তকালের তুলনায় 6 শতাংশ বেশি, এটি Grand Central Madison খুলে দেওয়ার আগে 2022 সালের শরৎ মৌসুমের পর থেকে সর্বোচ্চ।

14-31 অক্টোবর, 2024 তারিখে 2024 সালের শরতের দ্বিবার্ষিক কাস্টোমার স্যাটিসফ্যাকশন সার্ভে করা হয়, এটি অনলাইনে নয়টি ভাষায় এবং ফোনে করা হয়। LIRR 21,854 জন সাড়াদানকারী পেয়েছে, যা 2024 সালের বসন্তকালের তুলনায় 27 শতাংশ বেশি।

Long Island Rail Road-এর প্রেসিডেন্ট Rob Free (রব ফ্রি) বলেন, "আমি যখন LIRR-এর প্রেসিডেন্সি গ্রহণ করি তখন আমার প্রধান লক্ষ্যগুলির একটি ছিলো কাস্টোমারের জন্য প্রতিদিন, প্রতিটি ট্রেনে অসাধারণ অভিজ্ঞতা তৈরি করা। কাস্টোমার সন্তুষ্টিতে এই বিশাল লাফ দেখায় যে আমরা সত্যিই তা অর্জন করতে পারছি। LIRR ধারাবাহিকভাবে ডেটা এবং কাস্টোমারের মতামত মনিটর করে যাতে আমাদের সার্ভিসের নির্ভরযোগ্যতা এবং কাস্টোমারের অভিজ্ঞতা উন্নত করা যায়। সময়মতো ট্রেন আসার পারফর্ম্যান্স রেকর্ড সর্বোচ্চ অবস্থায় আছে, শিডিউল এখন আরো সুবিধাজনক, এবং তার জন্য আমাদের কাস্টোমাররা খুশি আছে।"

2024 সালের রাইডারশিপের প্রাথমিক পরিসংখ্যান দেখায় যে রাইডারশিপ বেড়েছে, 2023 সালে LIRR-এ চলাচল করা 65.2 মিলিয়ন মানুষের তুলনায় 2024 সালে 75.5 মিলিয়ন যাত্রী LIRR ব্যবহার করেছে, যা 15.8 শতাংশ বেশি। 2024 সালের নভেম্বর ছিলো রেলরোডের জন্য অত্যন্ত সফল একটি মাস, এই মাসে 96.2 শতাংশ সময়মতো ট্রেন আসার পারফর্ম্যান্স লেভেলের রেকর্ডও করা হয়েছে, যা 1979 সালে পরিসংখ্যান রাখা শুরু করার পর থেকে এই মাসের জন্য সর্বোচ্চ লেভেল, এবং সেই সাথে 6.3 মিলিয়ন যাত্রীও বহন করেছে, যা 2023 সালের 5.8 মিলিয়নের থেকে বেশি।

2024 সালের সেরা 5 রাইডারশিপ উইকডে

বুধবার	11/27/2024	284,694	মহামারীর পর থেকে সর্বোচ্চ রাইডারশিপ
বুধবার	9/18/2024	281,624	দ্বিতীয় সর্বোচ্চ উইকডে
বুধবার	10/16/2024	279,608	তৃতীয় সর্বোচ্চ উইকডে
বৃহস্পতিবার	10/17/2024	277,906	চতুর্থ সর্বোচ্চ উইকডে
মঙ্গলবার	10/8/2024	275,934	পঞ্চম সর্বোচ্চ উইকডে

2024 সালের সর্বোচ্চ শনিবার ও রবিবারের রাইডারশিপ

শনিবার	12/14/2024	161,398
রবিবার	6/9/2024	132,945

সার্ভিস প্রোজেক্ট এবং এক্সপ্যানশন

2018 সাল থেকে LIRR প্রোজেক্টের একটি সিরিজ দিয়ে রেলরোডের ধারণক্ষমতা বাড়িয়েছে।

2018 সালে ফার্মিংডেল (Farmingdale) এবং রনকোনকোমার (Ronkonkoma) মাঝের রনকোনকোমা ব্রাঞ্চে একটি 18 মাইল লম্বা অংশে একটি দ্বিতীয় ট্র্যাক যোগ করা হয়েছে। এর ফলে রেলরোডটি পিক সার্ভিস বাড়াতে পেরেছে, ফ্লেক্সিবিলিটি যোগ করতে পেরেছে এবং ব্রাঞ্চে সার্ভিসে বাঁধা পড়ার প্রভাব সর্বনিম্ন করতে সাহায্য করতে পেরেছে।

2022 সালে Main Line Third Track-এর নির্মাণকাজ শেষ হয় যা শুধু একটি রেল এক্সপ্যানশন প্রোজেক্ট নয় বরং একটি ইনফ্রাস্ট্রাকচার প্রোজেক্ট, এটি রেলরোডের ইতিহাসের অন্য যেকোনো প্রোজেক্টের তুলনায় বেশি বিদ্যমান ইনফ্রাস্ট্রাকচারকে ভালো অবস্থায় নিয়ে এসেছে, নিরাপত্তা বাড়িয়েছে, স্টেশনগুলিকে আধুনিক করেছে, টাউনগুলিকে আরো সুন্দর করেছে এবং একের বেশি রেলরোড গ্রেড ক্রসিং অপসারণ করেছে। ট্র্যাকটি সময়মতো এবং বাজেটের 100,000 মার্কিন ডলার কমে বানানো হয়েছে, এবং 50 বছরের চেষ্টার পর 2022 সালের অক্টোবর মাসে খুলে দেওয়া হয়েছে। প্রথমবারের মতো লং আইল্যান্ডের কমিউটাররা ট্রেনে কম ভিড় এবং কম বিলম্ব দেখেছে, এবং তাদের কাছে আরো নির্ভরযোগ্য একটি রেল নেটওয়ার্কে পিক আওয়ারের সময় সত্যিকারের দ্বিমুখী সার্ভিস আছে।

LIRR-এর সবথেকে নতুন টার্মিনাল, Grand Central Madison, 2023 সালে খুলে দেওয়া হয়। Main Line Third Track-এর সাথে মিলে এই প্রোজেক্টগুলির কারণে 41 শতাংশ বেশি সেবা সম্ভব হয়েছে, যা রেলরোডের ইতিহাসের অন্য যেকোনো সময়ের তুলনায় বেশি সার্ভিস। 2023 সালেও এটি বাড়তে থেকেছে, এবং 2023 সালের তুলনায় 2024 সালে LIRR আরো 14,000টি ট্রেন চালিয়েছে।

2023 সালের ফেব্রুয়ারি মাসে যখন Grand Central Madison থেকে রেলরোডের কাজ শুরু হয় তখন 41 শতাংশ সার্ভিস বাড়ার পর প্রাথমিক ব্যবহারের ধারা থেকে দেখা গেছে যে, Penn Station এবং Grand Central-এর মধ্যে ব্যবহারের সাধারণ 70 শতাংশ/30 শতাংশ ভাগ থাকে তা গত 23 মাসে একটি 60 শতাংশ/40 শতাংশ ভাগে বদলে গেছে।

এই প্রোজেক্টগুলির কারণে সিস্টেমটি যে বড় ও আধুনিক হয়েছে তার কারণে LIRR এর প্রথম নতুন ফুল-টাইম কমিউটার স্টেশন, Elmont-UBS Arena, বানাতে এবং খুলে দিতে পেরেছে, যা

এরিনাতে এবং আশেপাশের কেনাকাটার জায়গাগুলিতে ইভেন্টে যাওয়া হাজার হাজার মানুষকে নিয়ে এসেছে, যারা স্থানীয় অর্থনীতিতে অর্থ ব্যয় করেছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন